



তারিখ: ১৮ অগ্রহাষণ ১৪৩০

০৩ ডিসেম্বর ২০২৩

নম্বর ০৫.৪২.১২০০.০১৪.৪৫.০১৯.২৩.১৭৯৩

বৈধ আন্বেয়াস্ত্র লাইসেন্স বাৎসরিক নবায়ন স্থগিতকরণ সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

ব্রাহ্মণবাড়িয়া জেলার বৈধ আন্বেয়াস্ত্র ব্যবহারকারী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক শাখা-২ এর ২৭ নভেম্বর ২০২৩ তারিখের ৪৪.০০.০০০০.০৭৫.০২.০০২.১৪ (অংশ-২)- ৯১৭ সংখ্যক স্মারকে প্রাপ্ত গত ২৩ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনারগণের সঙ্গে আইন-শৃঙ্খলা এবং জননিরাপত্তা বিভাগ সম্পর্কিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৭ জানুয়ারী ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট গ্রহণের তারিখ নির্ধারিত হওয়ায় আগামী ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে আন্বেয়াস্ত্র বহন ও প্রদর্শন স্থগিত থাকবে। ফলে উক্ত সময়ে আন্বেয়াস্ত্র লাইসেন্স নবায়ন কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে না।

বর্ণিতাবস্থায়, এ কার্যালয়ের জুডিশিয়াল মুন্সিখানা শাখা হতে ২৭ অক্টোবর ২০২৩ তারিখের ০৫.৪২.১২০০.০১৪.৪৫.০১৯.২৩.১৫৩৮ সংখ্যক স্মারকে জারিকৃত আন্বেয়াস্ত্র লাইসেন্স নবায়নের গণবিজ্ঞপ্তি এতদ্বারা বাতিল করা হলো। পরিবর্তিত সময়সূচি অনুযায়ী আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে ৩১ মার্চ ২০২৪ তারিখ সময়সীমার মধ্যে আন্বেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করা যাবে। উপজেলা ভিত্তিক পরিবর্তিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে।

৪-১২-২০২৩

মোঃ শাহগীর আলম

জেলা ম্যাজিস্ট্রেট

ফোন: ০২-৩৩৪৪২৭৭১২

ইমেইল: dcbrahmanbaria@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
- ৩) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)
- ৪) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
- ৫) জেলা তথ্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তি জেলা সদরসহ প্রত্যেক উপজেলায় মাইকযোগে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তি তাঁর উপজেলায় সকল ইউনিয়নে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৭) অফিসার ইন-চার্জ, সকল থানা, ব্রাহ্মণবাড়িয়া (তার থানাধীন সকল আন্বেয়াস্ত্র লাইসেন্সধারীকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)
- ৮) সম্পাদক, ..... ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তি ০১ দিনের জন্য তাঁর পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি হিসেবে প্রকাশের জন্য অনুরোধ করা হলো [বিজ্ঞাপন হিসেবে নয়])
- ৯) প্রোগ্রামার, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তি ওয়েব পোর্টালে আপলোডের জন্য)